


# কালৰ কৰ্ত্ত

আপডেট : ৫ নভেম্বর, ২০১৭ ১৭:৪৮

## আগামী পাঁচ বছৱে বিদেশে এক লাখ গাড়িচালকের কর্মসংস্থান হবে



বাংলাদেশ থেকে আগামী পাঁচ বছৱে বিদেশে এক লাখ গাড়িচালকের কর্মসংস্থানের উদ্যোগ নেয়া হয়েছে।

বিশ্বের বিভিন্ন দেশে গাড়ি চালকসহ বিভিন্ন পেশার বাংলাদেশের দক্ষ কর্মীর ব্যাপক চাহিদা প্রেক্ষিতে সরকার দক্ষ গাড়ি চালক তৈরি করার উদ্যোগ নিয়েছে বলে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব ড.নমিতা হালদার আজ গণমাধ্যমকে এ কথা জানান।

তিনি বলেন, দেশ-বিদেশে গাড়ি চালকদের চাহিদা দিন দিন বাঢ়ছে। এজন্য অর্থ মন্ত্রণালয়ের সহায়তায় স্কিল ফর এমপ্লায়মেন্ট ইনভেস্টমেন্ট প্রজেক্টের (এসইআইপি) আওতায় এক লাখ দক্ষ গাড়ি চালক তৈরি করে বিদেশে পাঠানো ব্যবস্থা করা হবে।

জানা গেছে, গত ২২ অক্টোবর থেকে একশ' জন ড্রাইভিং প্রশিক্ষক তৈরির লক্ষ্যে প্রথম ব্যাচের ২০জনকে ৪ দিনব্যাপী প্রশিক্ষণ দেয়া হয়। প্রতি ব্যাচে ২০ জন করে একশ' ড্রাইভিং প্রশিক্ষক তৈরি করা হবে। এই কর্মসূচি বাস্তবায়নে মন্ত্রণালয়ের আওতাধীন, বিএমইটি, বিআরটিএ, বিআরটিসি, পরিবহণ পুলসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অংশিদারিত্ব নিশ্চিত করা হবে।

এছাড়াও এসব প্রতিষ্ঠানের ১০০ জন অভিজ্ঞ প্রশিক্ষক মোটর ড্রাইভিং উইথ বেসিক মেইনটেনেন্স এবং ভেহিক্যাল ড্রাইভিং প্রশিক্ষণ কোর্স পরিচালনা করে এক লাখ ড্রাইভারকে বিদেশে কর্মসংস্থানের উপযোগী করে তুলবে।

সূত্র জানায়, চলতি বছর অক্টোবর পর্যন্ত মোট ৮ লাখ ৩৪ হাজার ৭৭ জন কর্মী বিদেশ গেছেন। এরমধ্যে অক্টোবর মাসে গেছেন মোট ৯৮ হাজার। এর মধ্যে জানুয়ারি থেকে অক্টোবর পর্যন্ত সউদী আরবে গেছেন ৪ লাখ ৬২ হাজার ৭১৩ জন, কাতারে ৯০ হাজার ৪৪০ জন, ওমানে ৭৪ হাজার ৯৪৩ জন, কুয়েতে ৪২ হাজার ৩১ জন, সিঙ্গাপুরে ৩৪ হাজার ৪০৫ জন এবং বাহরাইনে ১৮ হাজার ৪১০ জন।

বাংলাদেশ থেকে জাপান, গ্রীস, ইতালি, দক্ষিণ কোরিয়া, রাশিয়া, মরিশাস, মিশর, জর্দান, স্পেন, ওমান, অস্ট্রিলিয়া, সুইজারল্যান্ড, ক্রনাই, থাইল্যান্ড, মালদ্বীপ, হংকংসহ আরো কয়েকটি দেশ নারী গৃহকর্মীসহ দক্ষ ও আদা দক্ষ কর্মী নেয়ার ব্যাপক আগ্রহ প্রকাশ করেছে।

এসব দেশ ডাক্তার, নার্স, ইঞ্জিনিয়ার, কৃষি ও নির্মাণ কর্মী, নিরাপত্তা কর্মী, ব্যাংকিং, মৎস্য আহরণ কর্মী, সেলসম্যান, টুরিজম, গৃহকর্মী, গাড়ি চালক, পার্মেন্টস কর্মীসহ বিভিন্ন পদে বিপুল সংখ্যক বাংলাদেশী কর্মী নেয়ার জন্য বিদেশেন্দ্র বাংলাদেশের স্থানীয় দৃতাবাসের শ্রম ইউংয়ে যোগাযোগ করেছে।

এদিকে, মালয়েশিয়ায় বাংলাদেশি অবৈধ অভিবাসীদের বৈধ করতে রিহায়ারিং ও কর্মী প্রেরণ নিয়ে কূটনৈতিক তৎপরতা আরো জোরদার করার নানা উদ্যোগ নেয়া হচ্ছে। আগামী ৩১ ডিসেম্বর পর্যন্ত মালয়েশিয়ায় রিহায়ারিং করার মাধ্যমে বাংলাদেশী অবৈধ অভিবাসীদের বৈধ করা যাবে।

সরকারের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জন এবং বৈদেশিক কর্মসংস্থানের বর্তমান ধারা অব্যাহত থাকলে ২০১৭ সালে বিদেশে কর্মী প্রেরণের লক্ষ্যমাত্রা ছাড়িয়ে যাবে। উল্লেখ্য, গতবছর মোট ৭ লাখ ৫৭ হাজার ৭৩১ জন কর্মী বিদেশ গেছে। এদিকে চলতি বছর অক্টোবর পর্যন্ত গেছে ৮ লাখ ৩৪ হাজার ৭৭৩ জন। বছর শেষে এই সংখ্যা ৯ লাখ ছাড়িয়ে যেতে পারে বলে মন্ত্রণালয়ের কর্মকর্তারা জানান।

Print

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইন্স্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড়তা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স :

০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৮০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৮০২০৮৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৮০২০৮৭। E-mail : info@kalerkantho.com